

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়, নরসিংদী
অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক) এর গোপনীয় শাখা

নির্বাচন অগ্রাধিকার
অতীব জরুরী

ও
রিটার্নিং অফিসারের কার্যালয়
৬ষ্ঠ উপজেলা পরিষদ ২য় পর্যায়ের সাধারণ নির্বাচন

নং-১৭.০২.৬৮০০.০০০.৩৬.০০৫.২৩-৬৬

তারিখ ২০ চৈত্র ১৪৩০
০৩ এপ্রিল ২০২৪

গণবিজ্ঞপ্তি

যেহেতু নির্বাচন কমিশন এতদ্বারা উপজেলা পরিষদ নির্বাচন বিধিমালা, ২০১৩ এর বিধি ১৩ অনুযায়ী নির্বাচন কমিশন সচিবালয়ের ০২ এপ্রিল, ২০২৪ তারিখের ১৭.০০.০০০০.০৭৯.৪০.০০৫.২৪-১৪৭ নং প্রজ্ঞাপন মোতাবেক নরসিংদী জেলার বেলাবো উপজেলার চেয়ারম্যান, ভাইস চেয়ারম্যান ও মহিলা ভাইস চেয়ারম্যান পদের নির্বাচন অনুষ্ঠানের জন্য নিম্নে বর্ণিত সময়সূচি ধার্য করে প্রজ্ঞাপন জারি করেছেঃ-

(ক)	রিটার্নিং অফিসার/সহকারী রিটার্নিং অফিসারের নিকট অনলাইনে মনোনয়নপত্র দাখিলের শেষ তারিখ	:	০৮ বৈশাখ ১৪৩১ ২১ এপ্রিল ২০২৪	রবিবার
(খ)	রিটার্নিং অফিসার কর্তৃক মনোনয়নপত্র বাছাইয়ের তারিখ	:	১০ বৈশাখ ১৪৩১ ২৩ এপ্রিল ২০২৪	মঙ্গলবার
(গ)	মনোনয়নপত্র বাছাইয়ে রিটার্নিং অফিসারের সিদ্ধান্তের বিরুদ্ধে আপিল দায়ের	:	১১-১৩ বৈশাখ ১৪৩১ ২৪-২৬ এপ্রিল ২০২৪	বুধবার-শুক্রবার
(ঘ)	আপিল নিষ্পত্তি	:	১৪-১৬ বৈশাখ ১৪৩১ ২৭-২৯ এপ্রিল ২০২৪	শনিবার-সোমবার
(ঙ)	প্রার্থিতা প্রত্যাহারের শেষ তারিখ	:	১৭ বৈশাখ ১৪৩১ ৩০ এপ্রিল ২০২৪	মঙ্গলবার
(চ)	প্রতীক বরাদ্দ	:	১৯ বৈশাখ ১৪৩১ ০২ মে ২০২৪	বৃহস্পতিবার
(ছ)	ভোটগ্রহণের তারিখ	:	০৭ জ্যৈষ্ঠ ১৪৩১ ২১ মে ২০২৪	মঙ্গলবার

ভোটগ্রহণের সময়সীমাঃ সকাল ০৮.০০ টা হতে বিকাল ০৪.০০ টা পর্যন্ত ব্যালটের মাধ্যমে ভোটগ্রহণ অনুষ্ঠিত হবে

২। এক্ষণে, সেহেতু, আমি মোঃ মুশফিকুর রহমান, অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক) ও রিটার্নিং অফিসার বেলাবো উপজেলা পরিষদ উক্ত বিধিমালায় বিধি ১৪ অনুযায়ী এতদ্বারা, গণ-বিজ্ঞপ্তি জারি করছি যে, নরসিংদী জেলার বেলাবো উপজেলা পরিষদের চেয়ারম্যান, ভাইস চেয়ারম্যান ও মহিলা ভাইস চেয়ারম্যান পদের নির্বাচনের জন্য মনোনয়নপত্র আগামী ২১ এপ্রিল ২০২৪/০৮ বৈশাখ ১৪৩১ তারিখ বিকাল ৪.০০ ঘটিকা পর্যন্ত অথবা উক্ত দিনের পূর্ববর্তী যে কোন সময় অনলাইনে দাখিল করা যাবে।

৩। উল্লেখ্য যে, অনলাইনে মনোনয়নপত্র দাখিলের ক্ষেত্রে নির্বাচন কমিশনের ওয়েব সাইটে (www.ecs.gov.bd) প্রবেশ করে বাম পাশে ম্যানুবারে 'অনলাইনে মনোনয়নপত্র দাখিল' লিংকে (<https://onss.ecs.gov.bd>) প্রবেশ করে মনোনয়নপত্র দাখিল করতে হবে।



মোঃ মুশফিকুর রহমান
অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক)


ও

রিটার্নিং অফিসার
বেলাবো উপজেলা পরিষদ সাধারণ নির্বাচন-২০২৪
ফোনঃ +৮৮০২২২৪৪৫২৪৮৬

তারিখ : ০ ৩ দিন ০ ৪ মাস ২ ০ ২ ৪ বৎসর

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

- ১। সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
- ২। বিভাগীয় কমিশনার, ঢাকা
- ৩। উপ মহাপুলিশ পরিদর্শক, ঢাকা রেঞ্জ, ঢাকা
- ৪। জেলা প্রশাসক, নরসিংদী ও আপিল কর্তৃপক্ষ
- ৫। পুলিশ সুপার, নরসিংদী
- ৬। মহা ব্যবস্থাপক (সি.আই.বি), বাংলাদেশ ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা
- ৭। আঞ্চলিক নির্বাচন কর্মকর্তা, ঢাকা অঞ্চল, ঢাকা
- ৮। অধিনায়ক, র‍্যাব-১১, নারায়নগঞ্জ
- ৯। অধিনায়ক, ৬৩ বর্ডার গার্ড ব্যাটালিয়ন, গাজীপুর
- ১০। জেলা নির্বাচন অফিসার, নরসিংদী
- ১১। উপজেলা নির্বাহী অফিসার ও সহকারী রিটার্নিং অফিসার, বেলাবো, নরসিংদী [তাকে গণবিজ্ঞপ্তিটি ব্যাপক প্রচারের অনুরোধসহ]
- ১২। জেলা কমান্ড্যান্ট, আনসার ও ভিডিপি, নরসিংদী
- ১৩। জেলা তথ্য অফিসার, নরসিংদী। [তাকে নির্বাচনী এলাকায় গণবিজ্ঞপ্তিটি ব্যাপক প্রচারের অনুরোধসহ]
- ১৪। উপজেলা নির্বাচন অফিসার, বেলাবো, নরসিংদী [গণবিজ্ঞপ্তিটি নোটিশ বোর্ডে ও গুরুত্বপূর্ণ স্থানে টাঙ্গানোর অনুরোধসহ]
- ১৫। অফিসার ইনচার্জ, বেলাবো থানা, নরসিংদী
- ১৬। সভাপতি/সম্পাদক, প্রেসক্লাব, নরসিংদী
- ১৭। নোটিশ বোর্ড


০৩/০৪/২৪

অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক)

ও

রিটার্নিং অফিসার

বেলাবো উপজেলা পরিষদ সাধারণ নির্বাচন-২০২৪